

ভিডিও

ছবি

ভিডিও

বৃত্তি

যুক্তরাষ্ট্রের সিইই প্রোগ্রাম, বয়স ২০ থেকে ২৭ হলে আবেদন

প্রথম আলো ডেস্ক



By using this site, you agree to our Privacy Policy. OK

যুক্তরাষ্ট্রের কমিউনিটি এনগেজমেন্ট এক্সচেঞ্জ (সিইই) প্রোগ্রামে আবেদন চলছে। পৃথিবীতে পরিবর্তন আনতে চাওয়া তরুণ অধিকারকর্মী, উদ্ভাবক এবং নেতাদের বৈশ্বিক নেটওয়ার্কে যোগ দেওয়ার সুযোগ আছে এ প্রোগ্রামে। ইউএস ডিপার্টমেন্ট অব স্টেটের অর্থায়নের এ প্রোগ্রামে আবেদনের সুযোগ আছে বাংলাদেশিদেরও। আবেদনপ্রক্রিয়া চলবে আগামী ২ জুলাই পর্যন্ত। আগ্রহীদের এর মধ্য আবেদন করতে হবে। যুক্তরাষ্ট্র দূতাবাসের এক ফেসবুক পোস্টে এসব তথ্য জানানো হয়েছে।

মার্কিন দূতাবাসের ওয়েবসাইটে বলা হয়েছে, ২০২৫ সালের কমিউনিটি এনগেজমেন্ট এক্সচেঞ্জ (সিইই) প্রোগ্রামে আবেদনের সময় এখনো আছে। এর মাধ্যমে পৃথিবীতে পরিবর্তন আনা তরুণ অধিকারকর্মী, উদ্ভাবক এবং নেতাদের বৈশ্বিক নেটওয়ার্কে যোগ দেওয়ার আহ্বান জানানো হয়েছে।



U.S. Embassy Dhaka
on Saturday



"যুক্তরাষ্ট্রে সিইই প্রোগ্রামে আমার তিন মাসের অভিজ্ঞতা বর্ণনার চেয়েও বেশি বিশ্বয়কর ছিল। প্রাণবন্ত নিউইয়র্ক শহরের মর্যাদাপূর্ণ একটি সংস্থায় উল্লেখযোগ্য প্রকল্পে কাজ করার জন্য আবেদন করা থেকে শুরু করে, প্রতিটি পদক্ষেপ আমার যাত্রাকে সমৃদ্ধ করেছে," - নিজের অভিজ্ঞতার কথা বলেন কমিউনিটি এনগেইজমেন্ট এক্সচেঞ্জ (সিইই) প্রোগ্রামের প্রাক্তন শিক্ষার্থী চৌ মং মারমা।

আপনি জানেন কি, ২০২৫ সালের কমিউনিটি এনগেইজমেন্ট এক্সচেঞ্জ (সিইই) প্রোগ্রামের আবেদন এখনও খোলা আছে? পৃথিবীতে পরিবর্তন আনা তরু...

[See more](#)



849

78

33

এক বছর মেয়াদি এই নেতৃত্ব বিকাশের কার্যক্রমটিতে ১০০টিরও বেশি দেশের নাগরিকেরা আবেদন করতে পারবেন। ২০ থেকে ২৭ বছর বয়সী সুশীল সমাজ নেতাদের জন্যই এ প্রোগ্রাম সাজানো হয়েছে। নেটওয়ার্ক, সম্পর্ক এবং জনকল্যাণে তথ্য ব্যবহারের শক্তিকে কাজে লাগিয়ে নাগরিক সংলাপ ও শান্তিস্থাপন, মুক্ত ও অংশগ্রহণমূলক সরকার, নারী ও জেডার, অভিযোজন সক্ষমতা ও টেকসই উন্নয়ন এবং যুবসমাজের সক্রিয়তাসহ একুশ শতকের বিভিন্ন জরুরি সমস্যা নিরসনে সুশীল

By using this site, you agree to our [Privacy Policy](#).

সমাজ যেন সক্ষম হয়, সে হিসাব পরিকল্পনা করা হয়েছে সিইইতে। এ কার্যক্রমের আওতায় পূর্ণ অর্থায়নে আমেরিকার একটি সুশীল সমাজ প্রতিষ্ঠানে তিন মাস হাতে-কলমে শেখার সুযোগ রয়েছে।



কমিউনিটি এনগেজমেন্ট এক্সচেঞ্জ (সিইই) কার্যক্রমের লক্ষ্য হলো নেতৃত্বের বৃহত্তর ভূমিকা অনুধাবন, সুশীল সমাজের সক্ষমতা বৃদ্ধি এবং সহযোগিতামূলক নেতৃত্ব প্রদানে অংশগ্রহণকারীদের সক্ষমতা বাড়ানোর মাধ্যমে বিশ্বব্যাপী সুশীল সমাজের জন্য উদ্ভাবনী পরিবেশ সৃষ্টিতে অংশগ্রহণকারী (ফেলোদের) ক্ষমতায়ন। পূর্ণ অর্থায়নে যুক্তরাষ্ট্রে তিন মাসের হাতে-কলমে অনুশীলনের বাইরে এই কার্যক্রমের আওতায় রয়েছে নেতৃত্ব ও সামাজিক সক্রিয়তা, সেবা বিষয়ে শেখার সুযোগ, পরামর্শ দান এবং ফেলোদের নিজ নিজ দেশে উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়ন বিষয়ে অনলাইন ও মুখোমুখি প্রশিক্ষণ।

আবেদনের যোগ্যতার অন্য শর্তাবলি—

- যোগ্যতার শর্তাবলি পূরণ করে না, এমন আবেদনগুলো অযোগ্য বিবেচিত হবে। বাছাই কমিটি এ আবেদন পর্যালোচনা করা হবে না।

By using this site, you agree to our Privacy Policy.

- ইংরেজিতে কথা বলা ও লেখার উচ্চ সক্ষমতা।
- নিজ দেশে জনসমাজের অংশগ্রহণে পরিচালিত কোনো কমিউনিটি এনগেজমেন্ট প্রজেক্ট (সিইপি) সম্পন্ন করতে দেশে ফেরার অঙ্গীকার।
- যুক্তরাষ্ট্রের নাগরিক বা স্থায়ী অভিবাসী নন এবং গত তিন বছরের মধ্যে যুক্তরাষ্ট্রে স্থায়ী অভিবাসনের জন্য আবেদন করেননি।
- যুক্তরাষ্ট্র সরকারের অর্থায়িত কোনো বিনিময় কার্যক্রমে অংশগ্রহণ করেছেন, এমন আবেদনকারীর নিজ দেশে অবস্থানের আবশ্যিকীয় সময়সীমা অবশ্যই দুই বছর পূর্ণ হতে হবে।
- কার্যক্রম শেষে ন্যূনতম দুই বছরের জন্য নিজ দেশে ফেরার অঙ্গীকার।
- বিস্তারিত জানতে এখানে [ক্লিক করুন](#)



প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন



 **prothomalo.com**

সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান
স্বত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো

By using this site, you agree to our [Privacy Policy](#).